গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রার প্রেক্ষিতে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ডকুমেন্টেশন, ২০২১-২২ প্রস্তুত করা হয়েছে (পতাকা-ক)। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৭.০২.২০২২ তারিখের ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৬৭ নম্বর স্মারকে এতদসংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে।

এমতাবস্থায়, ডকুমেন্টেশনটি মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৩/২০২২

(মো: আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪০৫৮৯।
e-mail: moragovbd@gmail.com

সিস্টেমস এনালিস্ট
আইসিটি শাখা
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

ইউ.ও. নোট নম্বর- ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৬৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

# বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ
# ২০২১-২২
# (পাইলট ও সম্প্রসারিত)

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.mora.gov.bd

প্রকাশকালঃ ০৭ মার্চ ২০২২

# সূচিপত্র


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পরিচিতি................................................................ | ০১ |
| ২। | রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)............................................... | ০১ |
| ৩। | কৌশলগত উদ্দেশ্য........................................................................ | ০২ |
| ৪। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি.................................................... | ০২ |
| ৫। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পরিচিতি.......................................... | ০৩ |
| ৬। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবন কার্যক্রম.................................................... | ০৪ |
| ৭। | ২০২১-২২ অর্থবছরের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে গৃহিত ইনোভেশন আইডিয়া.................. | ০৪ |
| ৮। | উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণ ২০২১-২২ বিস্তারিত বিবরণ................................ | ০৫-২১ |
| ৯। | উদ্ভাবন প্রদর্শনী ২০২১-২২........................................................................ | ২২ |

## ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ধর্ম বিষয়ক কার্যক্রম প্রথমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে শুরু হয়। অতঃপর এ মন্ত্রণালয়ের ক্রীড়া, সংস্কৃতি ও ধর্ম মন্ত্রণালয়ের আওতাভুক্ত ছিল। ২৫ জানুয়ারি, ১৯৮০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (Ministry of Religious Affairs) একটি পৃথক মন্ত্রণালয় হিসেবে যাত্রা শুরু করে। বিগত ৮ মার্চ, ১৯৮৪ সালে মন্ত্রণালয়টির নামকরণ করা হয় Ministry of Religious Affairs and Endowment. পরবর্তীতে ১৪ জানুয়ারি, ১৯৮৫ তারিখে উক্ত নাম পরিবর্তন করে পুনরায় মন্ত্রণালয়ের নামকরণ করা হয় Ministry of Religious Affairs তথা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। ১৯৮০ সালে কার্যক্রম শুরুর পর হতে স্বতন্ত্র মন্ত্রণালয় হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইসলামিক ফাউন্ডেশন, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, হজ অফিস ঢাকা, হজ অফিস, জেদ্দা/ মক্কা, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার মাধ্যমে সরকারের ধর্ম বিষয়ক সকল কার্যক্রম পরিচালনাসহ দপ্তরগুলোর কার্যক্রমের মনিটরিং ও সমন্বয় করছে।

ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন অসাম্প্রদায়িক সমাজ প্রতিষ্ঠায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। সরকার ঘোষিত রুপকল্প বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর তত্ত্বাবধানে সাম্প্রদায়িক সম্প্রতি ও ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠা, সকল ধর্মাবলম্বীদের সাংবিধানিক অধিকার সুরক্ষা, সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূল, ই-হজ ব্যবস্থাপনা, ওয়াক্‌ফ সম্পত্তি ব্যবস্থাপনা, ধর্মীয় প্রতিষ্ঠান সমূহের উন্নয়ন, আন্ত ধর্মীয় সংলাপ, ধর্মীয় ও প্রাক-প্রাথমিক শিক্ষা এবং ধর্মীয় বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করছে। উন্নয়নের মূল স্রোতধারায় ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং নারীর প্রতি সহিংসতারোধ কার্যক্রমে ইতোমধ্যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। এছাড়াও সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচির আলোকে কাঙ্খিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিত করে ন্যায়ভিত্তিক ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বচ্ছতা ও দ্রুততার সাথে মানসম্মত সেবা নিশ্চিতকরণের জন্য নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা এবং বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে। হজযাত্রীদের সেবায় ই-হজ ব্যবস্থাপনার আওতায় অনলাইনে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। দেশের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত/সংস্কার, বিভিন্ন ধর্মীয় উৎসব উদ্‌যাপনে আর্থিক সহায়তা প্রদান এবং দুঃস্থ পুনর্বাসনের জন্য অনুদান প্রদান মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রম। মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে গঠিত ইনোভেশন টিমের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নে নিমিত্ত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তদানুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে। পাশাপাশি সেবার মান উন্নয়নে নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা হচ্ছে।

## ২. রূপকল্প (**Vision**) ও অভিলক্ষ্য (**Mission**)

**রূপকল্প:** ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন অসাম্প্রদায়িক সমাজ।

**অভিলক্ষ্য:** ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনিন সমাজ প্রতিষ্ঠা।

## ৩. কৌশলগত উদ্দেশ্য

১। ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ

২। হজ ব্যবস্থাপনার উন্নয়ন

৩। ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন

৪। ধর্মীয় উৎসব উদ্‌যাপন ও দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা, অনুদান প্রদান এবং আর্থ-সামাজিক উন্নয়ন

## ৪. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি

১। ধর্ম বিষয়ক আন্তর্জাতিক সংস্থা এবং ধর্মীয় ক্ষেত্রে অন্যান্য আন্তর্জাতিক কর্মসূচী।

২। জাতীয় ও আন্তর্জাতিক ধর্ম বিষয়ক সংস্থা এবং সভায় অংশ গ্রহণ।

৩। ধর্মীয় ক্ষেত্রে প্রকাশনা উন্নয়ন।

৪। ধর্মীয় দাতব্য বিষয়াদি ও প্রতিষ্ঠানসমূহ।

৫। ধর্ম বিষয়ক জাতীয় সংস্থাসমূহ এবং উহাদের জন্য সহায়ক অনুদান।

৬। ধর্মীয় সংস্থা/প্রতিষ্ঠানসমুহ এবং ধর্মীয় কার্যাবলী সংক্রান্ত সমুদয় বিষয়াদি।

৭। হজনীতি, হজ প্রশাসন এবং তীর্থযাত্রা সংক্রান্ত বিষয়াদি।

৮। ওয়াক্‌ফ সংক্রান্ত বিষয়াদি।

৯। চাঁদ দেখা সংক্রান্ত বিষয়াদি।

১০। গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব উৎযাপন সংক্রান্ত বিষয়াদি।

১১। ধর্ম এবং ধর্ম বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, পরামর্শ, সেমিনার ইত্যাদি সংক্রান্ত বিষয়।

১২। বিদেশ হতে আগত ও বিদেশ গমণকারী ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যাবলী।

১৩। ইসলামিক সংহতি তহবিল সংক্রান্ত।

১৪। অন্যান্য দেশের সংগে ধর্মীয় বিষয়ক চুক্তি, সমঝোতা, কনভেনশন সংক্রান্তি কার্যাবলী।

১৫। বিশ্ব যুব মুসলিম সম্মেলন স্থায়ী ক্যাম্প প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়াদি।

১৬। উৎসর্জন বিষয়ক বিষয়াদি।

১৭। আর্থিক বিষয়াদিসহ সচিবালয় প্রশাসন।

১৮। অত্র মন্ত্রণালয়ের অধীনে সাব-অফিস ও সংস্থাসমুহের প্রশাসন নিয়ন্ত্রণ।

১৯। আন্তর্জাতিক সংস্থাসমূহ এবং এ মন্ত্রণালয়ে বন্টনকৃত বিষয়াদি সম্পর্কিত অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থার সঙ্গে সন্ধি এবং চুক্তি সংক্রান্ত বিষয়াদির লিয়াজো।

২০। এ মন্ত্রণালয়ে ন্যাস্ত বিষয়াদির উপর সমুদয় আইন।

২১। এ মন্ত্রণালয়ে ন্যাস্ত যে-কোন বিষয়ের উপর তদন্ত এবং পরিসংখ্যান।

২২। কোর্টে গৃহীত ফি বাদে এ মন্ত্রণালয়ে ন্যাস্ত যে-কোন বিষয় সংক্রান্ত ফি সমূহ।

## ৫. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পরিচিতি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন টিম

| ক্রম | নাম ও পদবী | ইনোভেশন টিমে দায়িত্ব | যোগাযোগ (ফোন/ইমেইল) |
|---|---|---|---|
| (১) | জনাব মুঃ আঃ আউয়াল হাওলাদার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চীফ ইনোভেশন অফিসার | +৮৮-০২-৯৫৪০১৫১<br>js_dev@mora.gov.bd |
| (২) | জনাব মোহাম্মদ কুদ্দুছ আলী সরকার<br>যুগ্মসচিব (সমন্বয় ও সংস্কার)<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৪৫৭৩৭<br>ds_cnr@mora.gov.bd |
| (৩) | জনাব মোঃ সাখাওয়াত হোসেন<br>উপসচিব (উন্নয়ন)<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৭৬৬৬০<br>ds_dev@mora.gov.bd |
| (৪) | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>সিস্টেমস এনালিস্ট<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৪৬৬৩১<br>sa@mora.gov.bd |
| (৫) | জনাব মো: আবুল কালাম আজাদ<br>সিনিয়র সহকারী সচিব (সংস্কার)<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৪০৫৮৯<br>reform_sec@mora.gov.bd |
| (৬) | জনাব মোহাম্মদ নাজমুল হাসান<br>প্রোগ্রামার<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৪০১৬৫<br>ictcell@mora.gov.bd |
| (৭) | জনাব মাসুদ আলম<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | +৮৮-০২-৯৫৪০৬০৪<br>aco_accounts@mora.gov.bd |

## ৬. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবন কার্যক্রম

নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে মন্ত্রণালয়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে ইনোভেশন টিম উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

সরকারি দপ্তরে উদ্ভাবন কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ এবং এ লক্ষ্যে দায়বদ্ধতা সৃষ্টির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত পরিপত্র ও নির্দেশনার আলোকে মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ পরিকল্পনা বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, সপ্তম/অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, ব-দ্বীপ পরিকল্পনা বাংলাদেশ ২১০০, টেকসই উন্নয়ন অভীষ্ট, মুজিববর্ষ, করোনা ভাইরাস মোকাবেলা এবং সরকারের অন্যান্য সংশ্লিষ্ট নীতিমালা ও কৌশলপত্রের আলোকে প্রণীত। সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়নের লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন ও পরিচালিত হচ্ছে। এসকল গৃহীত কার্যক্রম ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক ভিত্তিতে মুল্যায়ন ও পরিবীক্ষণ করা হচ্ছে।

## ৭. ২০২১-২২ অর্থবছরের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে গৃহিত ইনোভেশন আইডিয়াসমূহ

২০২১-২২ অর্থবছরের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে গৃহিত ইনোভেশন আইডিয়াসমূহ নিম্নরূপ:

| ক্রম | ইনোভেশন আইডিয়া |
|---|---|
| ০১। | সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে উদ্ভাবনী ধারণার মাধ্যমে সেবা পদ্ধতি সহজিকরণ; |
| ০২। | ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ এবং |
| ০৩। | EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান। |

## ৮. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণ ২০২১-২২ এর বিস্তারিত বিবরণ

### ৮.১। উদ্ভাবনের শিরনামঃ সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে উদ্ভাবনী ধারণার মাধ্যমে সেবা পদ্ধতি সহজিকরণ

বাস্তবায়নকারীঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

#### পটভূমি

কোন হজযাত্রী যদি তাঁর হজের প্রাক্-নিবন্ধন বাতিল করে জমাকৃত সমুদয় অর্থ ফেরত নিতে চান তাহলে তা সহজভাবে দ্রুত সময়ের মধ্যে আবেদনকারী হজযাত্রীকে প্রদান করা একটি বড় চ্যালেঞ্জ ছিল। প্রাক্-নিবন্ধন বাতিল ও রিফান্ডের জন্য প্রাক-নিবন্ধন ট্র্যাকিং নম্বর উল্লেখপূর্বক টাকা জমা প্রদানকৃত ব্যাংকের ম্যানেজার বারাবর আবেদন লিখতে হয়। আবেদন দাখিলের জন্য টাকা জমা প্রদানকৃত ব্যাংকে গমন করে আবেদন দাখিল করতে হয়। ব্যাংক কর্মকর্তা অনলাইনে “সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা” সিস্টেমে রিফান্ডের রিকোয়েস্ট সম্পন্ন করে মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে থাকেন। পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক রিফান্ডের আবেদন পর্যালোচনা, যাচাই-বাছাই এবং অনুমোদন দেয়া হয়ে থাকে। মাসিক সকল অনুমোদিত রিফান্ডের তালিকা প্রস্তুত করা হয় এবং অর্থ প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে হজযাত্রীদের নামে চেক লিখা হয়। এরপর চেক বিতরণের জন্য হজ অফিস, ঢাকায় প্রেরণ করা হয়ে থাকে এবং হজযাত্রীগণ হজ অফিস, ঢাকা থেকে চেক গ্রহণ করে থাকেন। উদ্ভূত পরিস্থিতিতে সেবা সহজিকরণের জন্য একজন প্রাক্-নিবন্ধিত হজযাত্রী অনলাইনে তাঁর প্রাক্-নিবন্ধন বাতিলের জন্য আবেদন করতে পারবেন এবং ব্যাংক কর্তৃক যাচাই পূর্বক Disbursement সম্পন্ন করে BEFTN এর মাধ্যমে হজযাত্রীর ব্যাংক হিসেবে অর্থ স্থানান্তর করা হবে।

#### উদ্ভাবনী উদ্যোগের আওতায় ডিজিটাল সেবা নির্মান:

- ❖ প্রাক্-নিবন্ধিত হজযাত্রী অনলাইনে তাঁর প্রাক্-নিবন্ধন বাতিলের জন্য নিজে আবেদন করতে পারবেন।
- ❖ আবেদনকারি কর্তৃক আবেদনের সাথে অনলাইনে দাখিলকৃত কাগজপত্রাদি অনলাইনেই যাচাই-বাছাই করা হয়।
- ❖ একজন প্রাক্-নিবন্ধিত হজযাত্রী BEFTN এর মাধ্যমে তাঁর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাতিলকৃত প্রাক্-নিবন্ধনের অর্থ ফেরত পাবেন।

#### পাইলটিং ও সম্প্রসারিত:

পাইলটিং হিসেবে শুরু হয়েছে এবং তা চলমান রয়েছে।

#### বাস্তবায়ন কার্যক্রম ও অগ্রগতি:

- ❖ Pre-Registration Platform (PRP) সিস্টেমে প্রয়োজনীয় মডিউল সংযোজনের পর গত ০৪.১১.২০২১ তারিখ সংশ্লিষ্টদের জন্য সংক্ষিপ্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়। একই সাথে অনলাইনে রিফান্ড প্রদানের Process Flow ও প্রাসঙ্গিক বিষয়াবলী ০৪.০১.২০২২ তারিখ সভার মাধ্যমে চূড়ান্ত করা হয় এবং Pre-Registration Platform (PRP) সিস্টেমে প্রয়োজনীয় মডিউল সংযোজন, ইউজার (User) তৈরী, Process Flow ও প্রাসঙ্গিক বিষয়াবলী চূড়ান্তকরণ ইত্যাদি কার্যাবলী সম্পন্ন হওয়ার পরে প্রস্তুতকৃত সিস্টেমটি Live করার জন্য উদ্বোধনের তারিখ ও সময় নির্ধারণ করা হয়।

- ❖ Pre-Registration Platform (PRP) সিস্টেমে সরাসরি ব্যক্তির ব্যাংক হিসাবে রিফান্ড প্রদানের যাবতীয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পর গত ২৭.০১.২০২২ তারিখ ১১.০০ টায় প্রধান অতিথি হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব মহোদয়ের উপস্থিতিতে উদ্বোধন করা হয়।

- ❖ ২৭ জানুয়ারি, ২০২২ তারিখ হতে হজ বিষয়ক পোর্টাল https://www.hajj.gov.bd/ থেকে “প্রি-রেজিস্ট্রেশন রিফান্ড আবেদন” মেন্যু থেকে বা https://www.hajj.gov.bd/bn/application-of-govt-pilgrim-pre-registration-refund/ লিংক থেকে হজযাত্রী নিজে বা নিবন্ধন কেন্দ্র থেকে বা সংশ্লিষ্ট হজ এজেন্সির মাধ্যমে আবেদন করতে পারেন।

**প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে হজযাত্রীদের রিফান্ড সিস্টেম প্রক্রিয়া:**

হজযাত্রী কর্তৃক ট্র্যাকিং নম্বর ও মোবাইল নম্বর ব্যবহার করে অনলাইনে “সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা” সিস্টেমে আবেদন করবেন। হজ অফিস, ঢাকা কর্তৃক আবেদন যাচাই-বাছাই এবং Recommand পূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মন্ত্রণালয় হতে আবেদন অনুমোদন করে Disburse এর জন্য ব্যাংকের প্ররণ করা হবে। ব্যাংক কর্তৃক যাচাই পূর্বক Disbursement সম্পন্ন করে BEFTN এর মাধ্যমে হজযাত্রীর ব্যাংক হিসেবে অর্থ স্থানান্তর করা হবে।

**সরকারি ব্যাবস্থাপনার প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে হজযাত্রীদের রিফান্ড সিস্টেম প্রক্রিয়ার ধাপসমূহ:**




**<u>ধাপ ১: আবেদন</u>**

হজযাত্রী কর্তৃক ট্র্যাকিং নম্বর ও মোবাইল নম্বর ব্যবহার করে অনলাইনে “সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা” সিস্টেমে আবেদন।

**<u>ধাপ ২: সুপারিশ</u>**

হজ অফিস, ঢাকা কর্তৃক আবেদন যাচাই-বাছাই এবং Recommand পূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ।

**<u>ধাপ ৩ ও ৪: অনুমোদন</u>**

মন্ত্রণালয় হতে আবেদন অনুমোদন এবং Disburse এর জন্য ব্যাংকের প্ররণ ও ব্যাংক কর্তৃক যাচাই পূর্বক Disbursement অনুমোদন।

**<u>ধাপ ৫: অর্থ ফেরত</u>**

BEFTN এর মাধ্যমে হজযাত্রীর ব্যাংক হিসেবে অর্থ স্থানান্তর।


## প্রাক্-নিবন্ধিত হজযাত্রীদের রিফান্ড সিস্টেম সহজিকরণ:

প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে হজযাত্রীদের রিফান্ড সিস্টেম প্রক্রিয়ার পূর্বের পদ্ধতি এবং বর্তমানে পদ্ধতির প্রসেস ম্যাপ ও তুলনামূলক বিশ্লেষণ তুলে ধরা হলো:


### পূর্বের সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | প্রাক্-নিবন্ধন বাতিল ও রিফান্ডের জন্য প্রাক-নিবন্ধন ট্র্যাকিং নম্বর উল্লেখপূর্বক টাকা জমা প্রদানকৃত ব্যাংকের ম্যানেজার বারাবর আবেদন লিখন | ১ দিন | আবেদনকারী প্রাক্-নিবন্ধিত হজযাত্রী |
| ধাপ-২ | আবেদন দাখিলের জন্য টাকা জমা প্রদানকৃত ব্যাংকে গমন এবং দাখিল | ১ দিন | আবেদনকারী প্রাক্-নিবন্ধিত হজযাত্রী |
| ধাপ-৩ | ব্যাংক কর্মকর্তা কর্তৃক অনলাইনে “সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা” সিস্টেমে রিফান্ডের রিকোয়েস্ট সম্পন্নকরণ এবং মন্ত্রণালয় বরাবর প্রেরণ | ১ দিন | ব্যাংক কর্মকর্তা |
| ধাপ-৪ | মন্ত্রণালয় কর্তৃক রিফান্ডের আবেদন পর্যালোচনা, যাচাই-বাছাই এবং অনুমোদন | ২ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৫ | মাসিক সকল অনুমোদিত রিফান্ডের তালিকা প্রস্তুত এবং অর্থ প্রদানের অনুমোদনের জন্য হজ শাখায় প্রেরণ | ২২ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৬ | হজ শাখা কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | ৭ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৭ | হজযাত্রীদের নামে চেক লিখন | ২ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৮ | চেক বিতরণের জন্য হজ অফিস, ঢাকায় প্রেরণ | ১ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৯ | হজযাত্রী কর্তৃক হজ অফিস, ঢাকায় গমন এবং চেক গ্রহণ | ১ দিন | আবেদনকারী প্রাক্-নিবন্ধিত হজযাত্রী |

### পূর্বের সেবা পদ্ধতির প্রসেস ম্যাপ



## বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ




P1= আবেদনকারী হজযাত্রী
P2 = ব্যাংক ব্যবহারকারী
P3= মন্ত্রণালয়/হজ অফিস, ঢাকা
T = Time
V= Visit

## তুলনামূলক বিশ্লেষণ (পূর্বের ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)


| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | রিফান্ডের জন্য প্রাক-নিবন্ধন ট্র্যাকিং নম্বর উল্লেখপূর্বক টাকা জমা প্রদানকৃত ব্যাংকের ম্যানেজার বারাবর আবেদন লিখন | ধাপ-১ | হজযাত্রী কর্তৃক ট্র্যাকিং নম্বর ও মোবাইল নম্বর ব্যবহার করে অনলাইনে "সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা" সিস্টেমে আবেদন |
| ধাপ-২ | আবেদন দাখিলের জন্য টাকা জমা প্রদানকৃত ব্যাংকে গমন এবং দাখিল | ধাপ-২ | হজ অফিস, ঢাকা কর্তৃক আবেদন যাচাই-বাছাই এবং Recommand পূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ |
| ধাপ-৩ | ব্যাংক কর্মকর্তা কর্তৃক অনলাইনে "সরকারি ব্যবস্থাপনার হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা" সিস্টেমে রিফান্ডের রিকোয়েস্ট সম্পন্নকরণ এবং মন্ত্রণালয় বরাবর প্রেরণ | ধাপ-৩ | মন্ত্রণালয় হতে আবেদন অনুমোদন এবং Disburse এর জন্য ব্যাংকের প্ররণ |
| ধাপ-৪ | মন্ত্রণালয় কর্তৃক রিফান্ডের আবেদন পর্যালোচনা, যাচাই-বাছাই এবং অনুমোদন | ধাপ-৪ | ব্যাংক কর্তৃক যাচাই পূর্বক Disbursement অনুমোদন |
| ধাপ-৫ | মাসিক সকল অনুমোদিত রিফান্ডের তালিকা প্রস্তুত এবং অর্থ প্রদানের অনুমোদনের জন্য হজ শাখায় প্রেরণ | ধাপ-৫ | BEFTN এর মাধ্যমে হজযাত্রীর ব্যাংক হিসেবে অর্থ স্থানান্তর |

| | | | |
|---|---|---|---|
| ধাপ-৬ | হজ শাখা কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | | |
| ধাপ-৭ | হজযাত্রীদের নামে চেক লিখন | | |
| ধাপ-৮ | চেক বিতরণের জন্য হজ অফিস, ঢাকায় প্রেরণ | | |
| ধাপ-৯ | হজযাত্রী কর্তৃক জন্য হজ অফিস, ঢাকায় গমন এবং চেক গ্রহণ | | |

## TCVQ (Time, Cost, Visit, Quality) অনুসারে তুলনা


| ক্রম | ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | ধাপ | ০৯ | ০৫ |
| ২। | খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৩। | সময় (নাগরিক+অফিস) | ৩৮ কার্যদিবস | ০৮ কার্যদিবস |
| ৪। | ভিজিট | ০৮ | ০৫ |
| ৫। | যাতায়াত খরচ | ২২০০/- (আনুমানিক) | বিনামুল্যে |
| ৬। | সেবার মান | ভুল হবার সম্ভাবনা রয়েছে | ভুল হবার সম্ভাবনা নেই |


## সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবার কিছু ছবি










## ৮.২। উদ্ভাবনের শিরনামঃ ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ

**বাস্তবায়নকারী: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

**সমস্যা:**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছরে ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মন্দির গীর্জা, প্যাগোডা, ঈদগাহ, কবরস্থান, শ্মশান, সেমিট্রি) সংস্কার/ মেরামতের জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। ধর্মীয় প্রতিষ্ঠানের সভাপতি বা মনোনিত ব্যক্তিকে নির্ধারিত আবেদন ফর্ম পুরণ করতে হয় এবং পুরণকৃত ফর্মে তিনটি প্রত্যয়ন গ্রহণ করতে হয়। প্রথমত, প্রত্যয়ন গ্রহণের জন্য স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর-এর কাছে যেতে হয়; স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই এর পর তা প্রত্যয়ন প্রদান করা হয়। দ্বিতীয়ত, প্রত্যয়ন গ্রহণের জন্য জেলা/উপজেলার জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার এবং তৃতীয়ত, স্থানীয় মাননীয় সংসদ সদস্য এর কাছে যেতে হয় এবং যাচাইপুর্বক প্রত্যয়ন প্রদান করা হয়। আবেদনকারীকে প্রত্যয়ন গ্রহণের জন্য এতগুলো ধাপ অনুসরণ করার কারনে তার সময়, অর্থ এবং ভিজিট সংখ্যা বেড়ে যায়।

**সেবা সহজিকরণ:**


বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ করার জন্য আবেদন প্রক্রিয়ায় ধাপ কমিয়ে আনা হয়েছে যার মাধ্যমে একজন উপকারভোগী পূর্বের চেয়ে অনেক সহজে, কম সময়ে ও কম খরচে আবেদন জমা দিতে পারেন। উক্ত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য নির্ধারিত আবেদন ফর্মটিতে পরিবর্তন আনা হয়, এবং নতুন ফরম বিতরণ করা হয়। উক্ত সহজিকরণ প্রক্রিয়ায় ধর্মীয় প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি শুধুমাত্র স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর-এর কাছে থেকে প্রত্যয়ন গ্রহণ করে আবেদন করতে পারবেন।

**বাস্তবায়ন অগ্রগতি:** শুরু- ৩১ অক্টোবর, ২০২১; বাস্তবায়িত ৯ সেপ্টেম্বর, ২০২১; ফরম বিতরণ শুরু- ১২ সেপ্টেম্বর ২০২১।

**পূর্বের সেবা পদ্ধতি বিশ্লেষণ**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | আবেদন ফরম সংগ্রহ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-২ | আবেদন ফরম পূরণ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৩ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলরের নিকট গমন | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৪ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ১ দিন | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর |
| ধাপ-৫ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট গমন | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৬ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ১ দিন | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ধাপ-৭ | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের নিকট গমন | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৮ | স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ১ দিন | স্থানীয় মাননীয় সংসদ সদস্য |
| ধাপ-৯ | আবেদনপত্র দাখিল | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |

## পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ





## তুলনামূলক বিশ্লেষণ (পূর্বের ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধান |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছরে ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ঈদগাহ, কবরস্থান, শ্মশান, সেমিট্রি মসজিদ, সংস্কার/ মেরামতের জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। ধর্মীয় প্রতিষ্ঠানের সভাপতি বা মনোনিত ব্যক্তিকে নির্ধারিত আবেদন ফর্ম পুরণ করতে হয় এবং পুরণকৃত ফর্মে তিনটি প্রত্যয়ন গ্রহণ করতে হয়। প্রথমত, প্রত্যয়ন গ্রহণের জন্য স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর-এর কাছে যেতে হয়; স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই এর পর তা প্রত্যয়ন প্রদান করা হয়। দ্বিতীয়ত, প্রত্যয়ন গ্রহণের জন্য জেলা/ উপজেলার জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এবং তৃতীয়ত, স্থানীয় মাননীয় সংসদ সদস্য এর কাছে যেতে হয় এবং যাচাইপুর্বক প্রত্যয়ন প্রদান করা হয়। আবেদনকারীকে প্রত্যয়ন গ্রহণের জন্য এতগুলো ধাপ অনুসরণ করার কারনে তার সময়, অর্থ এবং ভিজিট সংখ্যা বেড়ে যায়। | ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ করার জন্য আবেদন প্রক্রিয়ায় ধাপ কমিয়ে আনা হয়েছে যার মাধ্যমে একজন উপকারভোগী পূর্বের চেয়ে অনেক সহজে, কম সময়ে ও কম খরচে আবেদন জমা দিতে পারেন। উক্ত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য নির্ধারিত আবেদন ফর্মটিতে পরিবর্তন আনা হয়, এবং নতুন ফরম বিতরণ করা হয়। উক্ত সহজিকরণ প্রক্রিয়ায় ধর্মীয় প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি শুধুমাত্র স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর-এর কাছে থেকে প্রত্যয়ন গ্রহণ করে আবেদন করতে পারবেন। |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | (১) ছবি<br>(২) জাতীয় পরিচয়পত্র (NID) | (১) ছবি<br>(২) জাতীয় পরিচয়পত্র (NID) |
| ৩। সেবার ধাপ | ০৯ টি | ০৫ টি |

| | | |
|---|---|---|
| ৪। সম্পৃক্ত জনবল | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর এর কার্যালয়, জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা এর কার্যালয় এবং মাননীয় সংসদ সদস্যের কার্যালয়ের সঙ্গে সম্পৃক্ত জনবল। | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর এর কার্যালয় এর সঙ্গে সম্পৃক্ত জনবল |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | ০৩<br>স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর<br>জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>মাননীয় সংসদ সদস্য | ০১<br>স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর |
| ৬। খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকরি ফি: বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৭। যাতায়াত খরচ | ১৭২০ টাকা | ১০০ টাকা |
| ৮। সময় (নাগরিক+অফিস) | ০৯ কার্যদিবস | ০৪ কার্যদিবস |
| ৯। ভিজিট | ০৭ | ০৪ |

## বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ




### তুলনামূলক বিশ্লেষণ (পূর্বের ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | আবেদন ফরম সংগ্রহ | ধাপ-১ | আবেদন ফরম সংগ্রহ |
| ধাপ-২ | আবেদন ফরম পূরণ | ধাপ-২ | আবেদন ফরম পূরণ |
| ধাপ-৩ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলরের নিকট গমন | ধাপ-৩ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলরের নিকট গমন |
| ধাপ-৪ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ধাপ-৪ | স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান |
| ধাপ-৫ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট গমন | ধাপ-৫ | আবেদনপত্র দাখিল |
| ধাপ-৬ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | | |
| ধাপ-৭ | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের নিকট গমন | | |
| ধাপ-৮ | স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | | |
| ধাপ-৯ | আবেদনপত্র দাখিল | | |

## TCV (Time, Cost, Visit) অনুসারে তুলনা

| ক্রম | ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | বাস্তবায়িত পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | ধাপ | ০৯ | ০৫ |
| ২। | খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৩। | সময় (নাগরিক+অফিস) | ০৯ কার্যদিবস | ০৫ কার্যদিবস |
| ৪। | ভিজিট | ০৭ | ০৪ |
| ৫। | যাতায়াত খরচ | ১৭২০ টাকা | ১০০ টাকা |

## ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণের কিছু ছবি



**Beneficiary Entry (ORG)**

Beneficiary : **Ministry Of Religious Affairs - Organizations**

Organization Category : Madrasa/ Moktob/ Orphanage

Division : 40 - Khulna

District : 01 - Bagerhat

Thana/Upazila : 73 - Rampal

Union : 142 - Baintala

Go | Cancel | Add New

**Organization Information**

Organization Code : Will be generated

Organization Name* : KASHIPUR ALIPUR HAZI ARIF R HAFIJIA MAD

Village / Area* : KASHIPUR

Postal Code :

Establishment Year :

Representative type* : President

Representative NID* : 19770117310596804

Representative DOB* : 01/12/1977

Representative Name* : Molla Lutfor Rahman

Representative Mobile NO.* : 01916610197

**Grant Information**

Amount (In Tk) : 50000

**Bank Account Information**

Bank A/C MFS

Routing NO.* : 125270607

Bank* : ISLAMI BANK BANGLADESH LTD.

Branch* : AGENT BANKING (IBBL)-125270607

Bank Account Name* : KASHIPUR ALIPUR HAZI ARIF R HAFIJIA MAD

Bank Account Number* : 20507770219085903

Save | Cancel

## ৮.৩। উদ্ভাবনের শিরনামঃ EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান

**বাস্তবায়নকারী: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য প্রতিষ্ঠানের ব্যাংকে হিসেবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য ডিজিটাল পদ্ধতিতে iBAS++ এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানের ব্যাংক হিসেবে EFT এর মাধ্যমে অনুদান প্রদানের কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

**সমস্যা:**

বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইয়ের পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়। এরপর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO (Chief Accounts and Finance Officer) বরাবরে GO জারি করে জারিকৃত GO এর আলোকে iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করা হয়। CAFO কর্তৃক GO এর অথরিটি জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়ে থাকে। সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যাচাইপূর্বক জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা হতে প্রাপ্ত চেক বিতরণ ও প্রাপ্তি স্বীকার গ্রহণ করা হয়ে থাকে। আর্থিক বৎসর শেষে স্ব স্ব কার্যালয় বিলের মাধ্যমে বিতরণকৃত অর্থের সমন্বয়ের কাজটি করে থাকে। অনুদান প্রদানের এই প্রক্রিয়া সময় সাপেক্ষ হওয়ায় ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রাপ্তিতে তুলনামূলক বেশি সময় প্রয়োজন হয়। এছাড়াও উক্ত প্রক্রিয়ায় বেশি জনবলের প্রয়োজন হয়।

**সেবা সহজিকরণ:**

ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর প্রতিষ্ঠানের ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে অনুদানের অর্থ প্রদান করা যাবে, ফলে অতি দ্রুত ধর্মীয় প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান প্রদান করা সম্ভব হবে। বছর শেষে প্রাপ্তি স্বীকার ও সমন্বয়ের কাজটি স্বয়ংক্রিয় পদ্ধতিতে iBAS++ এ সম্পন্ন হয়ে থাকে।


**পাইলটিং ও সম্প্রসারিত:** পাইলটিং হিসেবে শুরু হয়েছে এবং তা চলমান রয়েছে।
**বাস্তবায়ন কার্যক্রম ও অগ্রগতি:** বর্তমানে কার্যক্রমটি চলমান রয়েছে।

**পূর্বের সেবা পদ্ধতি বিশ্লেষণ**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-২ | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | ৭ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৩ | CAFO বরাবরে GO জারিকরণ | ১ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৪ | iBAS++ এ এন্ট্রিকরণ | ১ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৫ | জারিকৃত GO ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO এর নিকট প্রেরণ | ১ দিন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৬ | CAFO কর্তৃক GO এর অথরিটি জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ | ৭ দিন | CAFO, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ধাপ-৭ | জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক বিল ও চেক প্রস্তুতকরণ | ১ দিন | জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ধাপ-৮ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যাচাই | ২ দিন | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ধাপ-৯ | সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা হতে প্রাপ্ত চেক বিতরণ ও প্রাপ্তি স্বীকার গ্রহণ | ২ দিন | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-১০ | আর্থিক বৎসর শেষে বিতরণকৃত অর্থ সমন্বয় | ৫ দিন | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা |

## পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ





## তুলনামূলক বিশ্লেষণ (পূর্বের ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধান |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইয়ের পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়। এরপর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO বরাবরে GO জারি করে জারিকৃত GO এর আলোকে iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করা হয়। CAFO কর্তৃক GO এর অথরিটি জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়ে থাকে। সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যাচাইপূর্বক জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা হতে প্রাপ্ত চেক বিতরণ ও প্রাপ্তি স্বীকার গ্রহণ করা হয়ে থাকে। আর্থিক বৎসর শেষে স্ব স্ব কার্যালয় বিলের মাধ্যমে বিতরণকৃত অর্থের সমন্বয়ের কাজটি করে থাকে। অনুদান প্রদানের এই প্রক্রিয়া সময় সাপেক্ষ হওয়ায় ধর্মী প্রতিষ্ঠানে অনুদান প্রাপ্তিতে তুলনামূলক বেশি সময় প্রয়োজন হয়। এছাড়াও উক্ত প্রক্রিয়ায় বেশি জনবলের প্রয়োজন হয়। | ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর প্রতিষ্ঠানের ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে অনুদানের অর্থ প্রদান করা যাবে, ফলে অতি দ্রুত ধর্মীয় প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান প্রদান করা সম্ভব হবে। বছর শেষে প্রাপ্তি স্বীকার ও সমন্বয়ের কাজটি স্বয়ংক্রিয় পদ্ধতিতে iBAS++ এ সম্পন্ন হয়ে থাকে। |

| | | |
|---|---|---|
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | (১) আবেদনকারী জাতীয় পরিচয়পত্র (NID)<br>(২) প্রতিষ্ঠান পরিচালনা কমিটির কার্যবিবরণী | (১) আবেদনকারী জাতীয় পরিচয়পত্র (NID)<br>(২) প্রতিষ্ঠান পরিচালনা কমিটির কার্যবিবরণী |
| ৩। সেবার ধাপ | ১০ টি | ০৬ টি |
| ৪। সম্পৃক্ত জনবল | প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই, iBAS++ এ এন্ট্রিকরণ, জারিকৃত GO ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO এর নিকট প্রেরণ, CAFO কর্তৃক GO এর অথরিটি জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ, জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যাচাই, সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা হতে প্রাপ্ত চেক বিতরণ ও প্রাপ্তি স্বীকার গ্রহণ, আর্থিক বৎসর শেষে বিতরণকৃত অর্থ সমন্বয় ইত্যাদি কাজে সম্পৃক্ত জনবল। | প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই, iBAS++ এ এন্ট্রিকরণ, জারিকৃত GO ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO এর নিকট প্রেরণ, ধর্মীয় প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে সরাসরি EFT এর মাধ্যমে অর্থ প্রেরণ ইত্যাদি কাজে সম্পৃক্ত জনবল। |
| ৫। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা | হ্যাঁ<br>iBAS++ সফটওয়্যারে এন্ট্রি ও অনুমোদন | হ্যাঁ<br>iBAS++ সফটওয়্যারে এন্ট্রি ও অনুমোদন; জাতীয় পরিচয়পত্রের সাথে আন্তসংযোগের মাধ্যমে সঠিক তথ্য সংরক্ষণ করা হয়। শুধুমাত্র যাচাই সফল হলেই প্রতিষ্ঠানের একাউন্টে EFT এর মাধ্যমে অর্থ প্রদান করা হয়। |
| ৬। স্বাক্ষরকারী/অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | ০৩<br>স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর<br>জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>মাননীয় সংসদ সদস্য | ০১<br>স্থানীয় চেয়ারম্যান/ মেয়র/ কাউন্সিলর |
| ৭। খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৮। যাতায়াত খরচ | ২০০/- | .. |
| ৯। সময় (নাগরিক+অফিস) | ২৮ কার্যদিবস | ১২ কার্যদিবস |
| ১০। যাতায়াত (Visit) | ০২ | ০০ |

## বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ





## তুলনামূলক বিশ্লেষণ (পূর্বের ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই | ধাপ-১ | বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই |
| ধাপ-২ | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | ধাপ-২ | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ |
| ধাপ-৩ | CAFO বরাবরে GO জারিকরণ | ধাপ-৩ | CAFO বরাবরে GO জারিকরণ |
| ধাপ-৪ | iBAS++ এ এন্ট্রিকরণ | ধাপ-৪ | iBAS++ এ এন্ট্রিকরণ |
| ধাপ-৫ | জারিকৃত GO ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO এর নিকট প্রেরণ | ধাপ-৫ | জারিকৃত GO ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের CAFO এর নিকট প্রেরণ |
| ধাপ-৬ | CAFO কর্তৃক GO এর অথরিটি জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ | ধাপ-৬ | ধর্মীয় প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে সরাসরি EFT এর মাধ্যমে অর্থ প্রেরণ |
| ধাপ-৭ | জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক বিল ও চেক প্রস্তুতকরণ | | |
| ধাপ-৮ | জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যাচাই | | |
| ধাপ-৯ | সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা হতে প্রাপ্ত চেক বিতরণ ও প্রাপ্তি স্বীকার গ্রহণ | | |
| ধাপ-১০ | আর্থিক বৎসর শেষে বিতরণকৃত অর্থ সমন্বয় | | |

## TCVQ (Time, Cost, Visit, Quality) অনুসারে তুলনা

| ক্রম | ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | ধাপ | ১০ | ০৬ |
| ২। | খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৩। | সময় (নাগরিক+অফিস) | ২৮ কার্যদিবস | ১২ কার্যদিবস |
| ৪। | ভিজিট | ০২ | ০০ |
| ৫। | যাতায়াত খরচ | ২০০/- | .. |
| ৬। | সেবার মান | ভুল হবার সম্ভাবনা রয়েছে | ভুল হবার সম্ভাবনা নেই |

## EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের কিছু ছবি



**Grant Information**

Amount (In Tk) : 50000

**Bank Account Information**

(●) Bank A/C ( ) MFS

Routing NO.* : 200870498

Bank* : SONALI BANK

Branch* : GOYRA BAZAR-200870498

Bank Account Name* : BAITUL NUR JAME MOSJID

Bank Account Number* : 2804002031115

Save | Cancel

## ৯। উদ্ভাবন প্রদর্শনী ২০২১-২২

ধর্ম প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান ২৭ জানুয়ারি, ২০২২ খ্রি. (বৃহস্পতিবার) সকালে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত ভার্চুয়াল সভায় সরকারি ব্যবস্থাপনাধীন প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের জন্য অনলাইন রিফান্ড সিস্টেম উদ্বোধন করেন। প্রতিমন্ত্রী বলেন, কেউ তার প্রাক-নিবন্ধন বাতিল করলে বা মৃত্যুবরণ করলে উক্ত অর্থ ফেরত প্রদান প্রক্রিয়াটি অনলাইন পদ্ধতিতে স্বল্প সময়ে সরাসরি প্রাক-নিবন্ধন বাতিল কারী ব্যক্তির প্রদত্ত তথ্যমতে তার ব্যাংক হিসেবে মন্ত্রণালয় হতে ফেরত প্রদান সম্ভব হবে। নতুনভাবে চালুকৃত এই সিস্টেমের ফলে উক্ত ব্যক্তির ভিজিট প্রয়োজন হবে না। এর মাধ্যমে উক্ত ব্যক্তির সময়, অর্থ, ও ভিজিট সাশ্রয় হবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কাজী এনামুল হাসান, এনডিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং হজ ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট  ব্যক্তিগণ সংযুক্ত ছিলেন।

